DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 02:36 AM

জাতীয়

# রোমে ৪০ ঘণ্টা আটকে থাকার পর ঢাকায় ফিরল বিমানের ফ্লাইট

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: রোববার, ০৯ আগস্ট ২০২৬, ০৩:৩৫ PM




ছবি সংগৃহীত

যান্ত্রিক ত্রুটির কারণে ইতালির রোমের ফিউমিচিনো বিমানবন্দরে প্রায় ৪০ ঘণ্টা আটকে থাকার পর ঢাকায় ফিরেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-৩০৬ ফ্লাইট।

রোববার (৯ আগস্ট) দুপুর সাড়ে ১২টার দিকে ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপদে অবতরণ করে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জনসংযোগ কর্মকর্তা বোসরা ইসলাম ফ্লাইটটি ঢাকায় পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে স্থানীয় সময় শনিবার রাত ১১টার দিকে রোমের ফিউমিচিনো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে যাত্রা করে বিজি-৩০৬।

বিমান সূত্রে জানা যায়, বোয়িং ৭৮৭-৯ ড্রিমলাইনারটি ২৫৯ যাত্রী নিয়ে স্থানীয় সময় বৃহস্পতিবার বিকেল ৫টা ১৮ মিনিটে কানাডার টরন্টোর

পিয়ারসন আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা হয়। প্রায় আট ঘণ্টা উড্ডয়নের পর উড়োজাহাজটিতে যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। পরে জরুরি অবতরণ করে রোমের ফিউমিচিনো বিমানবন্দরে। স্থানীয় সময় শুক্রবার সকাল ৭টা ১৯ মিনিটে উড়োজাহাজটি সেখানে অবতরণ করে।

দীর্ঘ সময় চেষ্টা করেও ত্রুটি মেরামত করা সম্ভব না হওয়ায় ঢাকা থেকে প্রয়োজনীয় যন্ত্রাংশ ও দুই সদস্যের প্রকৌশলী দল রোমে পাঠানো হয়। শনিবার দুপুরে বিমানের বিজি-৩০৫ ফ্লাইটে প্রকৌশলী দলটি রোমের উদ্দেশে রওনা দেয়। স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ১৬ মিনিটে তারা সেখানে পৌঁছান।

পরে প্রকৌশলীরা প্রয়োজনীয় কারিগরি কাজ শেষ করে উড়োজাহাজটির ত্রুটি মেরামত করেন। কারিগরি পরীক্ষা শেষে উড়োজাহাজটিকে পুনরায় পরিচালনার জন্য ছাড়পত্র দেওয়া হয়। এরপর শনিবার রাতেই ঢাকার উদ্দেশে রোম ছাড়ে বিজি-৩০৬।

তবে যান্ত্রিক ত্রুটির কারণে দীর্ঘ সময় রোমে আটকে থাকায় চরম ভোগান্তিতে পড়েন ফ্লাইটটির আড়াই শতাধিক যাত্রী। যাত্রীদের অভিযোগ, বাংলাদেশি পাসপোর্টধারী অন্তত ১৭০ জনকে প্রায় ৪০ ঘণ্টা বিমানবন্দরের লাউঞ্জে অবস্থান করতে হয়েছে।

যাত্রীদের আরও অভিযোগ, কানাডা ও যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারীদের জন্য বিমান কর্তৃপক্ষ হোটেলে থাকার ব্যবস্থা করলেও বাংলাদেশি যাত্রীদের সে ধরনের সুবিধা দেওয়া হয়নি। দীর্ঘ অপেক্ষা, থাকার ব্যবস্থা ও যাত্রীসেবা নিয়ে এ সময় ক্ষোভ প্রকাশ করেন ভুক্তভোগীরা।

শেষ পর্যন্ত প্রকৌশলীদের তৎপরতায় উড়োজাহাজটির কারিগরি ত্রুটি মেরামত করা হলে ফ্লাইটটি রোম থেকে ঢাকার উদ্দেশে রওনা দেয়। প্রায় ৪০ ঘণ্টার অপেক্ষা ও ভোগান্তির পর রোববার দুপুরে ঢাকায় পৌঁছান ফ্লাইটটির যাত্রীরা।

---


## এ বিভাগের আরও খবর




**গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী**

গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




**ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী**

ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...

---




**সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী**

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...

---




**আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী**

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/rome-40-ghnta-atke-thakar-pr-dhakay-firl-bimaner-flait